31/2(DODL) M.A./Pt-II/Beng/P-VIII(Spl)/DODL/19

# ২০১৯
# বাংলা

**এম. এ. দ্বিতীয় বর্ষ (DODL)**

**অষ্টম পত্র**

**(বিশেষ পত্র : ভাষাবিজ্ঞান)**

পূর্ণমান : ৯০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

## পর্ব : ১, ২, ৩, ৪

যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও :

১। ভাষাতত্ত্ব চর্চায় প্রাচীন গ্রীসের অবদান লিপিবদ্ধ করো। ১৫

২। পাণিনি পরবর্তী যুগে ভাষাতত্ত্ব চর্চায় কাত্যায়ন, পতঞ্জলি ও ভতৃহরির অবদান লেখো। ১৫

৩। চমস্কির ব্যাকরণকে কী নামে অভিহিত করা হয়? এই ব্যাকরণের বৈশিষ্ট্যাবলী আলোচনা করো। রেখচিত্রসহ ভাষার সঞ্জনন প্রক্রিয়া বুঝিয়ে দাও। ২+৫+৮=১৫

৪। তুলনামূলক ভাষাবিজ্ঞানের বৈশিষ্ট্যাবলী আলোচনা করো। এই ভাষাতত্ত্ব চর্চার পটভূমি আলোচনা করে বুঝিয়ে দাও। ৪+১১=১৫

৫। ভাষাতত্ত্ব চর্চায় সুকুমার সেনের অবদান লিপিবদ্ধ করো। ১৫

*[পরের পাতায়]*

৬। পাণিনি কে ছিলেন? তাঁর লেখা ব্যাকরণ গ্রন্থটির নাম কী? বর্ণনামূলক ভাষাতত্ত্ব চর্চায় পাণিনির অবদান বুঝিয়ে দাও। ২+১+১২=১৫

## পর্ব : ৫

৭। যে-কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখো : ৪৫

ক) সত্যজিতের গদ্যভাষা

খ) সমাজ ভাষাবিজ্ঞান (Sociolinguistics)

গ) বাংলা পরিভাষা

ঘ) শৈলী ও শৈলীবিজ্ঞান (Style & Stylistics)

———————

# ২০১৯
# বাংলা
## এম. এ. দ্বিতীয় বর্ষ (DODL)
### অষ্টম পত্র
### বিশেষ পত্র ঃ নাট্যসাহিত্য

পূর্ণমান : ৯০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

**(নাট্যতত্ত্ব ও বাংলা নাট্যশালার ইতিহাস)**

১। বাংলা নাট্যশালার ইতিহাসে গ্রেট ন্যাশনাল থিয়েটারের ভূমিকা সম্পর্কে আলোচনা করো।

**অথবা**

বাংলা রঙ্গালয়ে বিদেশী রঙ্গালয়ের প্রভাব কীভাবে পড়েছে এবং তা কতদিন স্থায়ী হয়েছে তার বিস্তৃত আলোচনা করো। ১৩

২। প্রহসন কাকে বলে? বাংলার বিশিষ্ট প্রহসনকারদের নাম ও একটি করে প্রহসনের উল্লেখ করো। একটি কালজয়ী বাংলা প্রহসনের পরিচয় দাও। ৩+৩+৭=১৩

**অথবা**

নাটকের প্রধান সাফল্য নির্ভর করে নাট্যক্রিয়া বা নাট্যগতির উপর— আলোচনা করো। ১৩

*[পরের পাতায়]*

৩। নাটকে প্লট ও চরিত্রের মধ্যে কোন্‌টির ভূমিকা বেশি তা তথ্য ও যুক্তি সহকারে আলোচনা করো।

**অথবা**

পঞ্চসন্ধি এবং নাটকীয় ঐক্য বলতে কী বোঝায়? নাটকের কাহিনির ক্ষেত্রে এই দুটি বিষয়ের গুরুত্ব নিরূপণ করো। ১২

৪। সংক্ষেপে আলোচনা করো (যে-কোনো **দুটি**): ৬×২=১২

ক) স্টার থিয়েটার

খ) বেঙ্গল থিয়েটার

গ) গ্রুপ থিয়েটার

ঘ) উদ্ভট নাটক

৫। যে-কোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো: ৪০×১=৪০

ক) বাংলা নাটকে পৌরাণিক প্রভাব

খ) নাট্যকার অভিনেতা গিরিশচন্দ্র ঘোষ

গ) নাট্যকার রবীন্দ্রনাথ

ঘ) বাংলায় থার্ড থিয়েটার

______________

# ২০১৯
# বাংলা
## এম. এ. দ্বিতীয় বর্ষ (DODL)
### অষ্টম পত্র
### বিশেষ পত্র ঃ রবীন্দ্র সাহিত্য

পূর্ণমান : ৯০ সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

### পর্ব - ১

১। রবীন্দ্রজীবনে স্বনামধন্য অগ্রজ দ্বিজেন্দ্রনাথ ও জ্যোতিরিন্দ্রনাথের প্রভাব ও প্রেরণার গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

**অথবা**

বহুবার বিশ্ব পরিক্রমায় রবীন্দ্রনাথ পৃথিবীর নানা প্রান্তে ভারতীয় সংস্কৃতির ঐতিহ্যকে কিভাবে প্রসারিত করেছিলেন তা তাঁর বিদেশযাত্রাগুলির আনুপূর্বিক উল্লেখের দ্বারা প্রমাণ করো। ১৩

### পর্ব - ২

২। রবীন্দ্রনাথ মূলত কবি পরে দার্শনিক — মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

**অথবা**

পাশ্চাত্য দর্শনের বস্তুবাদী চেতনার সঙ্গে রবীন্দ্র দার্শনিক চেতনার ঐক্য ও স্বাতন্ত্র্যের দিকগুলি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১৩

*[পরের পাতায়]*

### পর্ব - ৩

৩। ভারতবর্ষের জাতীয় শিক্ষানীতিতে রবীন্দ্রনাথের প্রভাব মুল্যায়ন করো।

**অথবা**

সংস্কৃত সাহিত্য ও রবীন্দ্রনাথের সম্পর্ক নিগূঢ়— ব্যাখ্যা করো। ১২

৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো **তিনটি**): ৪×৩=১২

ক) সবুজপত্র

খ) মুক্তধারা

গ) রক্তকরবী

ঘ) ইউরোপ প্রবাসীর পত্র

ঙ) ছেলেবেলা

### পর্ব - ৪

৫। যে-কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করো: ৪০×১=৪০

ক) রবীন্দ্রনাথ ও বাংলা ছন্দ

খ) রবীন্দ্রসাহিত্যে মৃত্যুচেতনা

গ) প্রাবন্ধিক রবীন্দ্রনাথ

ঘ) রবীন্দ্র কথাসাহিত্যে নারী চেতনা।

———————